গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল

ফেব্রুয়ারি / ২০২০ মাসের ইনোভেশন টীমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ যুগ্ম-সচিব
সভার তারিখ	২৩/০২/২০২০ খ্রি.
সভার সময়	বিকাল ২.৩০ ঘটিকা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরার জন্য ইনোভেশন টীমের সদস্য সচিবকে অনুরোধ জানা। এ প্রেক্ষিতে সিস্টেম এনালিষ্ট বাস্তবায়ন সংক্রান্ত বিষয়াদি সভায় তুলে করেন।

দুই দিন ব্যাপী অনুষ্ঠিত সেবা সহজিকরণ সংক্রান্ত প্রশিক্ষণে সহজিকৃত সেবাসমূহের তথ্যাদি দ্রুত ডকুমেন্টেশন করে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া উদ্ভাবন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ প্রাপ্ত আইডিয়াদ্বয়ের কার্যক্রম ত্বরান্বিত করে তা বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোকপাত হয়। তাছাড়া, শিল্পকলা একাডেমীতে আগামী ২৯-শে এপ্রিলে শোকেসিং অনুষ্ঠান করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রমের প্রাথমিক আলোচনা হয়।

ইনোভেশন টীমের সদস্যগণ বিভিন্ন পরিদর্শনে গেলে ইনোভেশন সংক্রান্ত প্রকল্প পরিদর্শন করবেন মর্মে আলোচনা হয় এবং টীমের সকলকে উদ্ভাবনীর তালিকা প্রদানের বিষয়ে আলোচনা হয়।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং আওতাধীন মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট একটি করে নলেজ শেয়ারিং প্রোগ্রাম অনুষ্ঠান করবে এবং অন্য সকল দপ্তরকে নলেজ শেয়ারিং প্রোগ্রামে আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়। এছাড়া বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট / বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন একটি শেয়ারিং প্রোগ্রাম অনুষ্ঠান করবে মর্মে আলোচনা হয়।

এছাড়া, শোকেসিং প্রোগ্রামে শ্রেষ্ঠ উদ্ভাবন নির্বাচন, ভালো ভালো উদ্ভাবকগণদের ক্রেস্ট / সার্টিফিকেট প্রদানসহ শোকেসিং প্রোগ্রাম সফলভাবে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়।

পরিশেষে, মাঠ পর্যায়ে চলমান পাইলটিং দুটি উদ্ভাবনী উদ্যোগ "বাণিজ্যিক ভিত্তিক দেশী মুরগীর (অরগানিক) খামার (স্বপ্ন ছোঁয়ার সিঁড়ি)" এবং "অ্যান্ড্রয়েড অ্যাপস্ এবং ইউটিউব চ্যানেলের মাধ্যমে মৎস্য সম্প্রসারণ সেবা প্রদান" -এর পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন করা হয়।

আলোচনান্তে ও মূল্যায়নান্তে দেখা যায় যে, "বাণিজ্যিক ভিত্তিক দেশী মুরগীর (অরগানিক) খামার (স্বপ্ন ছোঁয়ার সিঁড়ি)" উদ্যোগটি খুবই জনপ্রিয়, জনবান্ধব এবং জাতীয় পর্যায়ে জনপ্রশাসন পদক ২০১৯ প্রাপ্ত। উদ্যোগটি দেশব্যাপী রেপ্লিকেশন ও স্কেল-আপ করলে ইহা দেশ ও জনগণের উপকার হবে এবং প্রাণিসম্পদ খাতে আমিষ উৎপাদনে গুরুত্বপূর্ণভূমিকা পালন করবে।

অন্যদিকে, "অ্যান্ড্রয়েড অ্যাপস্ এবং ইউটিউব চ্যানেলের মাধ্যমে মৎস্য সম্প্রসারণ সেবা প্রদান" উদ্যোগটির বিষয়ে আলোচনা ও মূল্যায়নকালে প্রতিয়মানহয় যে, জনগণ হাতের মুঠোই মৎস্য সংক্রান্ত সেবা / তথ্য পাচ্ছে এবং ইতিমধ্যে অ্যাপস্-টি অনেক ব্যবহার

হয়েছে এবং জনগন উপকার পাচ্ছে বিধায় এই অ্যাপস্-টিও রেপ্লিকেশনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

(১) সেবা সহজিকরণ সংক্রান্ত প্রশিক্ষণে সহজিকৃত সেবাসমূহের তথ্যাদি দ্রুত ডকুমেন্টেশনসহ যাবতীয় কার্যক্রম মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট সম্পন্ন করবে এবং সেগুলোর মধ্যে অন্ততঃ একটি পাইলটিং-এর ব্যবস্থা নিবে।

(২) দুইদিনের উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণে প্রাপ্ত আইডিয়াসমূহের তথ্যাদি দ্রুত ডকুমেন্টেশনসহ যাবতীয় কার্যক্রম মন্ত্রণালয়ের উপসচিব (প্রাণিসম্পদ-২) সম্পন্ন করবে এবং সেগুলোর মধ্যে অন্ততঃ একটি পাইলটিং-এর ব্যবস্থা করবে।

(৩) ইনোভেশন টীমের সকল সদস্যগণকে সকল উদ্ভাবনীর তালিকা প্রেরণ করতে হবে এবং সে মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক উদ্ভাবনী পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করবে।

(৪) ব্যবহৃত উত্তমচর্চাসহ মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট একটি করে উত্তমচর্চাসহ নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন করবে এবং অন্য সকল দপ্তরকে নলেজ শেয়ারিং প্রোগ্রামে আমন্ত্রণ জানাবে। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট / বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন একটি নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন করবে।

(৫) আগামী শোকেসিং এর সমাপ্তি পর্বে শ্রেষ্ঠ উদ্ভাবকগণকে ক্রেস্ট / সনদ প্রদান করার ব্যবস্থা নেওয়া হবে।

(৬) মূল্যায়িত পাইলটিং উদ্ভাবনীর তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং সচিব এবং সংশ্লিষ্ট মহাপরিচালকগণের নিকট প্রেরণ করতে হবে।

সংযুক্তিঃ উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন প্রতিবেদন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ
যুগ্ম-সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.৪০

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৬
২৭ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

২) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৩) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর

৪) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর

৫) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

৬) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

৭) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি

৮) উপ-সচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৯) উপপ্রধান, পরিকল্পনা অধিশাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১০) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১১) রেজিস্ট্রার, , বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।

১২) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন

প্রতিবেদন সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল
WWW.mofl.gov.bd

বিষয়ঃ ফেব্রয়ারি/২০২০ মাসের ইনোভেশন টীমের সভার নোটিশ ও নলেজ শেয়ারিং প্রোগ্রাম সভায় কর্মকর্তাদের উপস্থিতির তালিকা।

সভাপতিঃ জনাব মোঃ তৌফিকুল আরিফ, যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) ও চীফ ইনোভেশন অফিসার।

তারিখঃ ২৩/০২/২০২০ খ্রিঃ

সময়ঃ বেলা ২.৩০ ঘটিকা।

স্থানঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

ক্রমিক নং	নাম ও পদবী	সংস্থার নাম	মোবাইল/ই-মেইল	স্বাক্ষর/তারিখ
১।	মোঃ আকুল মন্ডল	MOFL		[signature]
২।	ড. হাফছা বেগম উপসচিব	MOFL	01711310077	[signature]
৩।	ড. অমিতাভ চক্রবর্তী উপসচিব	MoFL	01712206644	[signature]
৪।	মোঃ ইলিয়াস হোসেন সিস্টেম এনালিস্ট	MOFL	01517-268273	[signature]
৫।				
৬।				
৭।				
৮।				
৯।				